

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
কর্মসংস্থান শাখা-২  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.১০২.১৮.০৭৬.১৬. — ২২৪৭

তারিখ: ২৪/১০/২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু, রিক্রুটিং এজেন্সী এম এ আজিজ ট্রেডিং কর্পোরেশন (আর.এল-০৩৫) এর আবেদনের প্রেক্ষিতে 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩' এবং এর অধীনে প্রণীত বিধিমালা অনুযায়ী জনশক্তি রপ্তানী কার্যক্রম পরিচালনার শর্তে আপনার এজেন্সীর অনুকূলে লাইসেন্স প্রদান করা হয়;


০২। যেহেতু, অভিযোগকারী জনাব জাহাঙ্গীর হোসেন এর স্ত্রী মোসাঃ রুবি কে প্রতারণিত করে সৌদি আরবে প্রেরণ করেন এবং মহিলা কর্মী প্রেরণে অভিবাসন ব্যয় শূন্য থাকার পরেও অভিবাসন ব্যয় হিসেবে ৮০,০০০/- (আশি হাজার) টাকা গ্রহণ করেন।

০৩। যেহেতু, মোসাঃ রুবি কর্তৃক ৮০,০০০/- (আশি হাজার) টাকা নেওয়ার বিষয়টি মন্ত্রণালয়ের তদন্ত থেকে প্রতিষ্ঠিত হয়েছে।

০৪। যেহেতু, অভিযোগটি তদন্তে প্রমাণিত হওয়ায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে এজেন্সীর লাইসেন্স বাতিলের জন্য সুপারিশ করা হয়েছে।

০৫। যেহেতু, রিক্রুটিং এজেন্সী কর্তৃক লাইসেন্স আরোপিত শর্তাদি এবং বিদেশে কর্মী প্রেরণ প্রক্রিয়ার প্রযোজ্য আইন ও বিধিমালা অনুসরণ করার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও উক্ত এজেন্সী তা লঙ্ঘন করেছে।

০৬। সেহেতু, অভিযোগকারীর প্রাপ্য ৮০,০০০/- (আশি হাজার) টাকা রিক্রুটিং এজেন্সী মেসার্স এম এ আজিজ কর্পোরেশন (আর.এল-০৩৫) এর জামানত হতে কর্তনপূর্বক অভিযোগকারীকে ফেরত প্রদানসহ বর্ণিত অপরাধের কারণে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ধারা ১২ ও ১৮ অনুযায়ী রিক্রুটিং এজেন্সী এম এ আজিজ কর্পোরেশন (আর.এল-০৩৫) এর লাইসেন্স নির্দেশক্রমে বাতিল এবং সমুদয় জামানত বাজেয়াপ্ত করা হ'ল।

  
(ডক্টর কাজী কামরুন নাহার)  
উপসচিব

ফোন-৮৩২২৫১৯

ইমেইলঃ sasemployment2@probashi.gov.bd

মহাপরিচালক  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।

অনুলিপি সদয় কার্যার্থে/অবগতির জন্য :

১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (ঢাকাস্থ সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান বাহরাইন, লিবিয়া, সিংগাপুর, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া ও অন্যান্য সকল দূতাবাসসমূহকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)।

২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। মান্যবর রাষ্ট্রদূত/ হাইকমিশনার, রিয়াদ/জেদ্দা/মালয়েশিয়া/সিংগাপুর/আবুধাবি/দুবাই/বাহরাইন/লিবিয়া/কুয়েদ/দক্ষিণ কোরিয়া/ওমান/কাতার/ইরাক/জর্দান/জাপান/ইতালি/মিশর/থাইল্যান্ড/স্পেন/মালদ্বীপ/অস্ট্রেলিয়া/মস্কো/গ্রিস/হংকং/জেনেবা/ব্রুনাই।

- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/বংপুর (অধীনস্থ জেলা প্রশাসকগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল)।
- ৭। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
- ৮। ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১০। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান-১,৩ ও ৪ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি জরুরী ভিত্তিতে সকল পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল)।
- ১২। সভাপতি, বায়রা, ১৩০, নিউ ইন্সটন রোড, ঢাকা-১০০০ (বায়রা'র সকল সদস্যকে অবগতি করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৩। যুগ্মসচিব (কর্মসংস্থান) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৪। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স এম এ আজিজ ট্রেডিং কর্পোরেশন (আর.এল-০৩৫) ১৪৫/১৭, এয়ারপোর্ট রোড, সুপার মার্কেট, তেজগাঁও, ঢাকা।
- ১৬। জনাব জাহাঙ্গীর হোসেন, গ্রাম: বরুইখালী, পো: মোড়লগঞ্জ, জেলা: বাগেরহাট। (অর্থ প্রাপ্তির বিষয়ে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৭১-৭২, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ এ যোগাযোগের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১৭। অফিস কপি।